

ক্যামব্রিজের কাছে হারল অক্সফোর্ড

যুক্তরাজ্যে সেরা বিশ্ববিদ্যালয় জরিপ

■ ইত্তেফাক ডেস্ক

যুক্তরাজ্যের বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে একটি র‌্যাংকিংয়ে বিশ্বখ্যাত অক্সফোর্ড হেরে গেলো আরেক বিশ্বখ্যাত প্রতিষ্ঠান ক্যামব্রিজের কাছে। তবে এটিই প্রথমবার নয়, এ নিয়ে পরপর অষ্টমবারের মতো ক্যামব্রিজের কাছে হারল অক্সফোর্ড। খবর বিবিসি'র।

দ্য কন্সটিট ইউনিভার্সিটি গাইড ২০১৯ র‌্যাংকিংয়ে বিশ্ববিদ্যালয়গুলোর দশটি বিষয়কে বিবেচনা করা হয়েছে যার মধ্যে রয়েছে গবেষণা, শিক্ষার্থীদের সমৃদ্ধি এবং স্নাতকদের ভবিষ্যতের মতো বিষয়গুলো। এ তালিকায় তৃতীয় স্থান পেয়েছে লন্ডন স্কুল অব ইকনোমিকস আর লন্ডন ইম্পেরিয়াল কলেজ রয়েছে চতুর্থ স্থানে। র‌্যাংকিংয়ে বড় ধরনের অগ্রগতি হয়েছে স্ট্যামফোর্ডশায়ার বিশ্ববিদ্যালয়ের। এর আগে এটি ৭৩ নম্বরে ছিলো আর এবার এক লাফে এটি উঠে এসেছে ৩২ নম্বারে। গাইডের চেয়ারম্যান ড. বার্নার্ড কিংস্টন বলেছেন সাধারণত অক্সফোর্ড ও ক্যামব্রিজই তালিকার শীর্ষে থাকে কিন্তু ভবিষ্যতে হয়তো অন্য বিশ্ববিদ্যালয়গুলো তাদের চ্যালেঞ্জ জানাবে। যেমন গবেষণার মানে ইম্পেরিয়াল ও লন্ডন স্কুল অব ইকনোমিকস কিছুটা এগিয়েই ছিলো। কিংস্টন বলেছেন, যুক্তরাজ্যে অন্তত বিশটি বিশ্ববিদ্যালয় আছে যারা বিশ্বমানের বিবেচিত হতে পারে। গাইডটি ২০০৭ সাল থেকে প্রতিবছর প্রকাশিত হচ্ছে এবং প্রকাশিত তথ্য উপাত্তগুলো আমলে নিয়েই এটি তালিকাটি করে থাকে। প্রকাশকরা বলেছেন ভালো স্নাতকের সংখ্যা প্রতিনিয়তই বাড়ছে এবং প্রায় সব বিশ্ববিদ্যালয়েই।